

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(জেলা পরিষদ অধিশাখা)

স্মারক নং-৪৬.০৪২.৩৩০০.০০০.১৪.০০৪.১৫- ৪৬৭০

তারিখঃ ২৬/১২/২০১৫।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।


সূত্র : গাজীপুর জেলা পরিষদের স্মারক নং-গাজেপ/প্রশা/প্রশিক্ষণ-১৩২/১৪/২১৪, তারিখঃ ০৩.১১.২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের সমাজ কল্যাণ খাতের আওতায় ২,১৬,১৩,৫০০/- (দুই কোটি ষোল লক্ষ তের হাজার পাঁচশত) টাকায় গৃহীত তালিকায় সংযুক্ত ১১টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলো :

- ১) প্রশিক্ষনার্থী বাছাইয়ের জন্য বহুল প্রচলিত জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান;
- ২) প্রশিক্ষণ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাজীপুর, উপ পরিচালক, স্থানীয় সরকার, গাজীপুর, উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর, সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, গাজীপুর এর সমন্বয়ে কমিটি গঠন;
- ৩) বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত আবেদনপত্রসমূহ কমিটির মাধ্যমে যাচাই বাছাই করে প্রশিক্ষণার্থী নির্বাচন করে তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) মন্ত্রণালয় কে অবহিত রেখে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ;
- ৪) সেলাই, ব্লক, বাটিক/ ইলেকট্রিক ওয়ারিং ও মেরামত/এসি/ফ্রিজ ও মৌ চাষ প্রশিক্ষণ কোর্সসমূহ যুব উন্নয়ন অধিদপ্তর পরিচালিত প্রশিক্ষণ পাঠক্রম অনুরূপে পরিচালনা;
- ৫) কম্পিউটার প্রশিক্ষণ সংক্রান্ত কোর্স বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল পরিচালিত বেসিক আইসিটি ট্রেনিং এর কোর্স মডিউলের অনুরূপে পরিচালনা করতে হবে এবং প্রশিক্ষণার্থীগণ অন লাইনে অর্থ উপার্জনের প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এরূপ বিষয় কোর্স মডিউলে অন্তর্ভুক্ত হবে;
- ৬) ড্রাইভিং প্রশিক্ষণ প্রকল্পটি স্থানীয় সরকার বিভাগের ১৩.৩.২০১২ খ্রিঃ তারিখের ৭৯১নং স্মারকের নির্দেশনা অনুযায়ী পরিচালনা;
- ৭) প্রশিক্ষকের সম্মানী প্রতি ক্লাসের জন্য অনধিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রদান;
- ৮) প্রশিক্ষণার্থীগণযেহেতু বিনা মূল্যে প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন সেহেতু তাদেরকে আর কোন সম্মানী/যাতায়াত বাবদ ভাতা দেয়া যাবেনা; প্রশিক্ষণার্থীদের নাস্তার জন্য সর্বোচ্চ প্রতিদিন ৫০.০০ (পঞ্চাশ) টাকা ব্যয়;
- ৯) যেহেতু আলোচ্য প্রশিক্ষণ কার্যক্রম জেলা পরিষদ আইন, ২০০০ এর ঐচ্ছিক কার্যাবলীর সামাজিক উন্নয়নের আওতাভুক্ত সেহেতু জেলা পরিষদের কার্যাবলীর আওতাভুক্ত কোন প্রকল্প বাস্তবায়নের জন্য (জেলা পরিষদ চত্বরে পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রম) জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে আলাদাভাবে কোন সম্মানী দেয়া যাবেনা;
- ১০) স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত রাজস্ব বরাদ্দের আওতায় প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত নীতিমালা এবং পিপিআর ২০০৮ এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ পূর্বক বাস্তবায়ন করে মন্ত্রণালয় একটি প্রতিবেদন প্রেরণঃ

সংযুক্তিঃ বর্ণনামতে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, গাজীপুর।


(জুবাইদা নূসরীন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-igzp@lgd.gov.bd

অনুলিপিঃ (জাতার্থে/কার্যার্থে) :

১। প্রশাসক, জেলা পরিষদ, গাজীপুর।

২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

ক্রঃ নং	প্রকল্পের নাম	মেয়াদ	ব্যাচ সংখ্যা	ব্যাচে প্রশিক্ষার্থীর সংখ্যা	মোট প্রশিক্ষার্থীর	প্রশিক্ষণের ব্যয়
১.	ড্রাইভিং প্রশিক্ষণ	১ মাস (২৫টি ক্লাস)	১০টি	৬০ জন	৬০০ জন	৬৭.৫০
২.	কম্পিউটার প্রশিক্ষণ	২ মাস (৪৫টি ক্লাস)	২৪টি	২০ জন	৪৮০ জন	১৯.০৮
৩.	গার্মেন্টস ট্রেনিং প্রশিক্ষণ নিটিং/ওভেন/কোয়ালিটিকন্ট্রোল/ অপারেমন অফ মেশিনারেজ	১ মাস (২৫টি ক্লাস)	৩টি	৪০ জন	১২০ জন	১০.৪৪
৪.	সেলাই, ব্লক, বাটিক প্রশিক্ষণ	১ মাস (২৫টি ক্লাস)	৮টি	৩০ জন	২৪০ জন	৫.২৪
৫.	ইলেকট্রিক ওয়ারিং ও মেরামত প্রশিক্ষণ	১ মাস (২৫টি ক্লাস)	১০টি	৩৫ জন	৩৫০ জন	১৩.১৭৫
৬.	ওয়ার্ডিং প্রশিক্ষণ	১ মাস (২৫টি ক্লাস)	১০টি	৩০ জন	৩০০ জন	১২.৫৫
৭.	এসি/ফ্রিজ মেরামত প্রশিক্ষণ	১ মাস (২৫টি ক্লাস)	১০টি	৩০ জন	৩০০ জন	১২.৫৫
৮.	ই-গভর্নেন্টস (ইন্টারনেট, নেটওয়ার্কিং, ই-মেইল, ওয়েব-সাইট, ই-টেডার, ফেসবুক, অনলাইন আউট-সোর্সিং), ঠিকাদারদের পিপিআর-২০০৮ সহ অন্যান্য বিষয় অবহিত করণ	১ মাস (২৫টি ক্লাস)	২০টি	৪০ জন	৮০০ জন	৩৮.৪০
৯.	মৎস্য চাষ ও মৎস্য সম্পদ উন্নয়ন প্রশিক্ষণ	২৫ দিন	১০টি	৩৫ জন	৩৫০ জন	১৫.৩২৫
১০.	মৌ চাষ প্রশিক্ষণ	২৫ দিন	১০টি	৩৫ জন	৩৫০ জন	১৫.৩২৫
১১.	কৃষিজ খাদ্য সংরক্ষণ এবং ফরমালিনযুক্ত খাবার বাজারজাত করণ সংক্রান্ত প্রশিক্ষণ		৫টি	১০০ জন	৫০০ জন	৬.৫৫
					মোট-	২১৬.১৩৫

৫